# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) সমগ্র দেশে আজ যথাযোগ্য মর্যাদায় শিক্ষক দিবস উদযাপন/উত্তর-পূর্বাঞ্চলের ন'জন শিক্ষকের জাতীয় পুরস্কার লাভ/

(২) আসামের ১৫ জন কৃতি শিক্ষককে রাজ্য পর্যায়ের পুরস্কার প্রদান/ জেলা পর্যায়ে কাছাড় জেলার ২৫জন, শ্রীভূমি জেলার ৪৫জন এবং হাইলাকান্দি জেলার ৩৭জন কর্মরত ও অবসরপ্রাপ্ত শিক্ষককে সংবর্ধনা জ্ঞাপন/

(৩) জনসাধারণকে সুরক্ষা দেওয়ার পাশাপাশি দ্রুততার সঙ্গে সেবা প্রদানই আসাম পুলিশের মূল লক্ষ্য বলে রাজ্য পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিংয়ের শিলচরে মন্তব্য/

এবং

(৪) ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মোহাম্মদের জন্মদিন- ঈদ-এ-মিলাদ-উন-নবী সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও যথাযোগ্য মর্যাদায় উদযাপিত/

-----------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ শিক্ষক দিবস উদযাপন করা হচ্ছে । শিক্ষাবিদ , দার্শনিক তথা প্রাক্তন রাষ্ট্রপতি ডক্টর সর্বপল্লী রাধাকৃষ্ণণের জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে প্রতি বছর ৫ সেপ্টেম্বর এই দিবস পালন করা হয় । এই উপলক্ষে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লীর বিজ্ঞান ভবণে কৃতি শিক্ষক পুরস্কার প্রদান করেন । পুরস্কার প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি মহিলাদের উন্নয়নের জন্য কন্যা সন্তানকে শিক্ষা প্রদান করার ওপর অধিক গুরুত্ব আরোপ করেন । রাষ্ট্রপতি বলেন যে কন্যা সন্তানের শিক্ষা প্রদানের বিষয়টি সবচেয়ে বেশী অগ্রআধিকার পাওয়া উচিৎ । তিনি আরো বলেন যে কন্যা

সন্তানের শিক্ষায় বিনিয়োগ করা মনেই পরিবার , সমাজ এবং রাষ্ট্রের প্রতি অবদান যোগানোর বিষয়টিকে প্রতিষ্ঠিত করা । উচ্চ শিক্ষা বিভাগে মেয়েদের নাম ভর্তির ক্রমবর্ধিত অনুপাতে রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেন । তিনি বলেন যে খাদ্য , বস্ত্র এবং বাসস্থানের মতই শিক্ষা মানুষের সম্মান ও নিরাপত্তার জন্য প্রয়োজনীয় । আজকের এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি দেশের মোট ৬৬ জন শিক্ষককে জাতীয় কৃতী শিক্ষককের পুরষ্কার প্রদান করেন । এর মধ্যে উত্তর-পূর্বাঞ্চলের ৯ জন শিক্ষক রয়েছেন । আসাম-অরুণাচল সীমান্তবর্তী প্রত্যন্ত অঞ্চলের নামচাং চা বাগান আদর্শ বিদ্যালয়ের শিক্ষক দেবজিৎ ঘোষ কৃতী শিক্ষকের পুরষ্কার লাভ করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কৃতী শিক্ষক পুরষ্কার প্রাপক শিক্ষক-শিক্ষিকাদের অভিনন্দন জানিয়েছেন । তিনি বলেন যে এই শিক্ষক শিক্ষিকারা তাদের কঠোর পরিশ্রম এবং নিষ্ঠার স্বীকৃতি স্বরূপ এই পুরষ্কার লাভ করেছেন । শ্রী মোদী বলেন যে শিক্ষক-শিক্ষিকারা শুধুমাত্র বর্তমানকে নয় তারা একটি জাতির ভবিষ্যতকে গড়ে তুলে । রাষ্ট্র গঠনে তাদের ভূমিকা অন্যতম বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । শ্রী মোদী বলেন যে দেশের বিভিন্ন অংশে এ বছরের পুরষ্কার প্রাপক শিক্ষক শিক্ষিকাদের মতই শতশত শিক্ষক শিক্ষিকা  নিষ্ঠা , একাগ্রতা , প্রতিশ্রুতিবদ্ধতা এবং সেবার মনোভাব নিয়ে শিক্ষকতা করে যাচ্ছেন ।

শিক্ষক দিবস উপলক্ষে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ছাত্র-ছাত্রীদের তাদের পূর্ণ সম্ভাবনাকে উপলব্ধি করতে সহায়তা করা শিক্ষগুরুদের প্রতি প্রণাম জানান । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী প্রধান বলেছেন যে শিক্ষক-শিক্ষিকাদের কঠোর পরিশ্রম এবং নিষ্ঠাই উৎকৃষ্টতাকে অধিক উজ্জীবিত করে জাতীয় উন্নয়নকে তরান্বিত করছে । তিনি বলেন যে শিক্ষক-শিক্ষিকারা ছাত্র-ছাত্রীদের শিক্ষা প্রদান করার সঙ্গে সঙ্গে দেশের প্রতি তাদের দায়বদ্ধতারও শিক্ষা প্রদান করেন ।

---------------------------------------------------------------------------------------------

প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণনের জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে আজ সমগ্র রাজ্যেও শিক্ষক দিবস উদযাপন করা হয়েছে । আসামের রাজ্য পর্যায়ের মূল অনুষ্ঠান হয়েছে তেজপুর বিশ্ববিদ্যালয়ের কলাগুরু বিষ্ণুপ্রসাদ রাভা প্রেক্ষাগৃহে । এই অনুষ্ঠানে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সমগ্র রাজ্যের মোট পনেরো জন কৃতি শিক্ষককে শিক্ষক পুরস্কারে সম্মানিত করেছেন। এই অনুষ্ঠানে জাতীয় মূল্যায়ন এবং প্রত্যায়ন পরিষদ- (ন্যাক)এর মূল্যায়নে এ-গ্রেড পাওয়া রাজ্যের ছ’টি কলেজের অধ্যক্ষদের সংবর্ধনা জানানো হয় । উল্লেখ্য- এইবার পাণ্ডউ কলেজ, প্রাগজ্যোতিষ কলেজ, মঙলদৈ কলেজ, মরিগাঁও কলেজ, গড়গাঁও কলেজ এবং দিসপুর কলেজ ন্যাক’এর এ-গ্রেড লাভ

করেছে । শিক্ষামন্ত্রী এই অনুষ্ঠানে সহযোগী এন সি সি আধিকারিক হিসেবে নিষ্ঠার সঙ্গে সেবা প্রদান করা চারজন সহযোগী অধ্যাপককে সংবর্ধনা জ্ঞাপন করেছেন । গবেষণার মাধ্যমে নিজস্ব আবিষ্কার অথবা উদ্ভাবনের জন্য পেটেন্ট লাভ করা রাজ্যের প্রযুক্তি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যাপকদেরও আজকের অনুষ্ঠানে সংবর্ধনা জানানো হয়েছে । এছাড়া মৌলিক গবেষণার পেটেন্ট লাভ করা চারটি কলেজের অধ্যাপকদেরকেও সংবর্ধনা দেওয়া হয় । অনুষ্ঠানে শিক্ষা সেতু এ্যাপে সর্বাধিক উপস্থিতি থাকা রাজ্যের তিনটি জেলা- ধেমাজি, শিবসাগর এবং মাজুলি সহ বিভিন্ন জেলার উপস্থিতির শীর্ষে থাকা বিদ্যালয়গুলির প্রধানদের সংবর্ধনা জানানো হয় । এই অনুষ্ঠানে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী অশোক সিংহল উপস্থিত ছিলেন ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় শিক্ষক দিবস পালন করা হয়েছে । কাছাড়ের জেলা প্রশাসনের উদ্যোগে আজ গান্ধীভবনে জেলা পর্যায়ের শিক্ষক দিবসের অনুষ্ঠান উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । আজকের অনুষ্ঠানে জেলার ২৫ জন কৃতি শিক্ষককে সংবর্ধনা জ্ঞাপন করা হয় । এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- অধ্যাপক ডঃ নিরঞ্জন রায় । এছাড়া সম্মানিত অতিথি হিসেবে শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী, কাছাড় কলেজের অধ্যক্ষ ডঃ অপ্রতিম নাগ, শিলচরের স্কুল সমূহের পরিদর্শক গণেশ হরিজন প্রমুখ ।

আজকের অনুষ্ঠানের বিশেষ কার্যসূচীর মধ্যে ছিল তথ্যচিত্র প্রদর্শনী । এই তথ্যচিত্রে কোভিড অতিমারীর সময়ে বিভিন্ন প্রত্যাহ্বানের মোকাবিলা করে শিক্ষকরা কীভাবে অনলাইনে ছাত্রছাত্রীদের জন্য ক্লাস অব্যাহত রেখেছেন, তা তুলে ধরা হয়েছে। প্রধান অতিথির ভাষণে গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ রায় জাতীয় শিক্ষানীতির উপর গুরুত্ব করে বলেন যে- এই নীতিতে মাতৃভাষায় পড়াশুনা করার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে । এছাড়া জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আজ এই দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে ।

শ্রীভূমি জেলায় আজ শিক্ষক দিবসের জেলা পর্যায়ের মূল অনুষ্ঠান হয়েছে শহরের জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে । শ্রীভূমি জেলা শিক্ষক দিবস উদযাপনব সমিতির উদ্যোগে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, রাজ্যসভার প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস প্রমুখ উপস্থিত ছিলেন । আজকের কার্যসূচীতে ছিল- প্রদীপ প্রজ্জ্বলন, ডঃ রাধাকৃষ্ণনের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ, উদ্বোধনী সঙ্গীত, স্বাগত ভাষণ, উপস্থিত বিশিষ্ট ব্যক্তিবর্গের

প্রাসঙ্গিক বক্তব্য ইত্যাদি । এই অনুষ্ঠানে শ্রীভূমি জেলার ৪৫ জন কৃতী শিক্ষককে সংবর্ধনা জানানো হয় ।

এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসন এবং জেলার শিক্ষা বিভাগের পক্ষ থেকে আজ আনুষ্ঠানিকভাবে এই জেলার ৩৭ জন কৃতি শিক্ষককে সংবর্ধনা জানানো হয়েছে । হাইলাকান্দি শহরের পি এম শ্রী পাবলিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত জেলা পর্যায়ের মূল অনুষ্ঠানে এই শিক্ষকদের সম্মানিত করা হয়। এতে বিভিন্ন বক্তা শিক্ষক দিবসের প্রাসঙ্গিকতা সহ সমাজের বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখে সুন্দর ও স্বচ্ছ সমাজ গঠনের ক্ষেত্রে আরো বেশি আন্তরিক হওয়ার আহ্বান জানানো হয়।

---------------------------------------------------------------------------------

আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং আজ কাছাড় জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনা সম্পর্কিত এক গুরুত্বপূর্ণ বৈঠকে অংশ নেন । এতে জেলার সব উচ্চপদস্থ পুলিশ আধিকারিক সহ প্রতিটি থানার ভারপ্রাপ্ত আধিকারিকরা উপস্থিত ছিলেন । বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে সঞ্চালক প্রধান শ্রী সিং বলেন যে- আসাম পুলিশকে দেশের প্রথম পাঁচটি পুলিশ বাহিনীর মধ্যে অর্ন্তভুক্ত করার লক্ষ্যে কাজ করা হচ্ছে । এরজন্যে পুলিশ বাহিনীর নিরাপত্তা সংক্রান্ত পরিকাঠামো ব্যবস্থা এবং পরিষেবার উন্নয়ন সম্পর্কে গুরুত্ব দেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেছেন । জনসাধারণকে সুরক্ষা দেওয়া সহ দ্রুততার সঙ্গে সেবা প্রদানই আসাম পুলিশের মূল লক্ষ্য বলে তিনি উল্লেখ করেন । আসামে অনুপ্রবেশকারী রোধ করার ক্ষেত্রে আসাম পুলিশ সর্বদা সক্রিয় রয়েছে বলে তিনি জানান ।

#বাইট#

---------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্য্যের পক্ষ থেকে আজ বরিষ্ঠ শিক্ষক সম্মান রাজ্যের অন্যান্য শিক্ষকের পাশাপাশি হাইলাকান্দি জেলার ১৫ জন অবসরপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাকেও প্রদান করা হয় ।

---------------------------------------------------------------------------------

ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মহম্মদের জন্মদিন উপলক্ষে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মূ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মিলাদ - উন - নবী উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রীমতী মুর্মূ দেশবাসীকে বিশেষকরে

ইসলাম ধর্মাবলম্বী লোকেদের শুভেচ্ছা জানিয়েছেন । পয়গম্বর মহাম্মদ একতা এবং মানবতার সেবায় নিজেকে উৎসর্গ করেছিলেন বলে রাষ্ট্রপতি মত প্রকাশ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমের এক বার্তায় এই উৎসব সমাজে শান্তি ও কল্যাণ বিরাজ করবে বলে আশা প্রকাশ করেন ।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ যথাযোগ্য মর্যাদায় ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মোহম্মদের জন্মদিন ঈদে মিলাদুন্নবী পালন করা হয়েছে ।

কাছাড় জেলা জুলুসে মোহম্মদী কমিটির উদ্যোগে ঈদে মিলাদুন্নবী উপলক্ষে আজ একটি শান্তি মিছিলের আয়োজন করা হয় । এ উপলক্ষ্যে সকাল ৭টায় শিলচর নাগাটিলা পয়েন্ট থেকে একটি শান্তি মিছিল বের হয়ে আউলিয়া বাজার , সোনাবাড়ীঘাট হয়ে ধনেহরি ঈদগাহ সংলগ্ন মাঠে গিয়ে শেষ হয় । এরপর একটি প্রার্থনা ও আলোচনা সভার আয়োজন করা হয় ।

এদিকে শ্রীভূমি জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় বিশ্ব নবীর জন্ম দিন ঈদে মিলাদুন্নবী পালন করা হয়েছে । শ্রীভূমি জেলার সুন্নী ফাইন্ডেশনের উদ্যোগে আজ বদরপুরে ঈদে মিলাদুন্নবীর শান্তি মিছিল বের করা হয় ।

---

হাইলাকান্দি জেলা ঈদে মিলাদুন্নবী উদযাপন সমিতির উদ্যোগে আজ হাইলাকান্দি শহরে একটি শান্তি মিছিল বের করা হয় । সকালে ঈদে মিলাদুন্নবি উপলক্ষ্যে পতাকা উত্তোলন করেন ইসলামী পন্ডিত মৌলানা ফয়েজ আহমেদ । এদিকে আজ ঈদে মিলাদুন্নবী উপলক্ষে জেলার প্রতিটি মসজিদ , ঈদগাহ এবং মাদ্রাসা রঙিন পতাকা , আলোকসজ্জা এবং ব্যানারে সাজিয়ে তোলা হয়েছে । এ উপলক্ষে জেলা হাইলাকান্দি ক্রীড়া সংস্থার মাঠে বিশ্ব শান্তি কামনায় বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। এবং কাটলিছড়া বাস স্টেন্ডে একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।

---

কয়েকটি রাজনৈতিক দলের সমর্থন এবং নাগরিক সুরক্ষা মঞ্চ আহুত আগামীকাল শ্রীভূমি জেলায় ১২ ঘন্টার ধর্মাঘটের পরিপ্রেক্ষিতে শ্রীভূমি জেলা মেজিষ্ট্রেট আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ওই জেলায় বেশকিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । এই অনুসারে জেলায় অনুমতি ছাড়া ৫ বা ততোধিক ব্যাক্তির সমাবেশ , কোন সংস্থা সংগঠনের দ্বারা কোন ধরণের ধর্ণা , বন্ধ , র‍্যালী , প্রদর্শন ইত্যাদী প্রতিবাদী কার্যসূচি

বেআইনী বলে ঘোষণা করা হয়েছে । এছাড়াও , অনুমতি ছাড়া লাউড স্পিকার ব্যবহার ছাড়াও বেআইনী অস্ত্র-শস্ত্র ইত্যাদি নিয়ে রাস্তায় চলাফেরা করা যবে না বলেও নির্দেশনায় উল্লেখ করা হয়েছে । তবে সরকারী কর্মী এবং জরুরী সেবা এই নির্দেশনার বাইরে থাকবে বলেও উল্লেখ করা হয়েছে

---------------------------------------------------------------------------------